গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা ও দায়রা জজ এর কার্যালয়

(ইংলিশ শাখা)

রাজশাহী

**rajshahi.Judiciary.gov.bd**

আদেশ নং- ০৭/২৫- জি,

তারিখঃ ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ জানুয়ারী ২০২৫ খ্রিস্টাব্দ

এই আদালতের স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর জনাব সুবিনয় সীমান্ত বিগত ৮/১/২৫ ও ৯/১/২৫ ইং তারিখ দুই দিনের নৈমিত্তিক ছুটিতে গমন করিলেও তিনি নিম্নস্বাক্ষরকারীর পূর্বানুমতি ও নিম্নস্বাক্ষরকারীকে কোন কিছু অবগত না করিয়া অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রহিয়াছেন। তাহা ছাড়া ও তাহার নিকট স্টেনোগ্রাফারের কক্ষের তালার একটি চাবি রহিয়াছে যাহা তিনি এই আদালতের কোন কর্মচারীর নিকট বুঝাইয়া দিয়া যান নাই। ফলে উক্ত চাবি ব্যবহার করিয়া ~~যেকেহ~~ যেকেহ উক্ত কক্ষে রক্ষিত নথিপত্রসহ অন্যান্য দাপ্তরিক দ্রব্যাদির ক্ষতি সাধন করিতে পারে। এমতাবস্থায়, তাহাকে অনতিবিলম্বে উক্ত কক্ষের চাবি এই আদালতের নাজির জনাব মোঃ জয়দুল ইসলামের নিকট হস্তান্তর করিতে নির্দেশ প্রদান করা গেল ।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

১৩/১/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস)
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইলঃ districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং-১৫/ ২৫-জি,

তারিখঃ ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ১৩ জানুয়ারী ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:**

১। জনাব সুবিনয় সীমান্ত, স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, জেলা জজ আদালত, রাজশাহী,

২। জনাব মোঃ জয়দুল ইসলাম, নাজির, জেলা জজ আদালত, রাজশাহী ও

৩। অফিস ফাইল।

আদেশক্রমে-

(মোঃ ফজলে রাব্বী)
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত,
রাজশাহী